

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/০৫ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৯৩-আইন/২০২৬।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৪ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ২৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৫১-আইন/২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলের—

(১) কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং ২০ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২০ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“২০। সস (ফুটস এন্ড ভেজিটেবলস) বিডিএস ৫১২:২০২৫ (৩য় রিভিশন)”।

(২) কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং ২২ ও ২৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২২ ও ২৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“২২। টমেটো পেস্ট বিডিএস ৫১৭:২০১৫ (৩য় রিভিশন)
অ্যামেন্ডমেন্ট ১:২০২৫

২৩। ফার্মেন্টেড ভিনেগার বিডিএস ৫২৩:২০১৫ (২য় রিভিশন)
অ্যামেন্ডমেন্ট ১:২০২৫”।

(১৭৫৫৯)

মূল্য : টাকা ৪.০০

